গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

বিষয়: শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব সত্যজিত কর্মকার সচিব, পরিকল্পনা বিভাগ
তারিখ	:	২০ সেপ্টেম্বর ২০২৩
সময়	:	সকাল: ১০.০০ ঘটিকা
স্থান	:	সম্মেলন কক্ষ, ভবন-১০, কক্ষ নং- ৩ ও ৪
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট ও এপিএ) জানান, ২০২৩-২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় ১৫টি কার্যক্রমের বিপরীতে ১৬টি কর্মসম্পাদন সূচক রয়েছে। অতঃপর তিনি প্রতিটি সূচকের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

কর্মসম্পাদন সূচক	আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১. প্রতিষ্ঠানিক ব্যবস্থা:			
১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন	১ম সভা ২০/৯/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে	২য় ত্রৈমাসিক সভা যথাসময়ে আহবান করতে হবে।	এপিএ শাখা
১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	এটি ১ম সভা।	১ম সভার সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়ন করতে হবে;	এপিএ শাখা
১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	২য় ও ৩য় কোয়ার্টারের সভা দু'টি আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে।	২য় ও ৩য় ত্রৈমাসিকে দু'টি সভা আয়োজন করতে হবে।	এপিএ শাখা
১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন	শুদ্ধাচার সম্পর্কিত বিষয়ে ১৮০ জনকে ৬টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হবে।	২য় ত্রৈমাসিকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	এপিএ শাখা
১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন: ক) অকেজো মালামাল নিষ্পত্তিকরণ খ) বিনষ্টকৃত পুরাতন নথি	(ক) কার্যক্রম চলমান। (খ) গত ১১/০৯/২০২৩ তারিখে সংশ্লিষ্টদের পত্র দেয়া হয়েছে।	ক) কার্যক্রম চলমান থাকবে; খ) ২য় ত্রৈমাসিকে বিনষ্টযোগ্য নথি বিনষ্ট করতে হবে।	ক) সাধারণ শাখা-১/২ খ) সকল শাখা/ অধিশাখা
১.৬ বিআইডিএস কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান	১ম সভা আগামী ৩১/১০/২০২৩ তারিখের মধ্যে করা হবে।	৩১/১০/২০২৩ তারিখের মধ্যে বিআইডিএস কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করতে হবে।	এপিএ শাখা
২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন:			
২.১ রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	নির্দেশিকা মোতাবেক ৩১/৭/২০২৩ তারিখের মধ্যে ১৭টি ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।	কোন সংশোধনী থাকলে নির্ধারিত সময়ে তা করতে হবে	সংশ্লিষ্ট শাখা/অধিশাখা ও সকল প্রকল্প পরিচালক
২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেট)	১ম কোয়ার্টারে বরাদ্দের বিপরীতে রাজস্ব বাজেটের বাস্তবায়ন অগগতি- ৬৩.৭১%	রাজস্ব ও উন্নয়ন বাজেটের বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথভাবে সম্পন্ন করতে হবে।	পরিকল্পনা শাখা বাজেট শাখা ও সকল প্রকল্প পরিচালক

কর্মসম্পাদন সূচক	আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	এবং উন্নয়ন বাজেটের বাস্তবায়ন অগগতি=১.৬৩%		
২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন;	১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ০৫%। জুলাই-আগস্ট/২৩ মাসে ১.৬৩% অর্জিত হয়েছে।	প্রমাণক সংরক্ষণ করতে হবে।	পরিকল্পনা শাখা ও বাজেট শাখা
২.৪ প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা আয়োজন;	১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা মোট ০৫টি। ১ম ত্রৈমাসিকে ১৩টি পিএসসি এবং ১৩টি পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে।	প্রমাণক সংরক্ষণ করতে হবে।	পরিকল্পনা শাখা ও সকল প্রকল্প পরিচালক
২.৫ প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা;	০৩/০৯/২০২৩ তারিখের মধ্যে কোন প্রকল্প সমাপ্তের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা ছিল না।	ক) সমাপ্ত প্রকল্পের হস্তান্তরযোগ্য মালামালের তালিকা যথাসময়ে পরিকল্পনা শাখায় প্রেরণের লক্ষ্যে পত্র প্রদান করতে হবে। খ) যথাসময়ে মালামাল হস্তন্তর করতে হবে।	পরিকল্পনা শাখা ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক
৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম:			
৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ;	৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে প্রত্যয়ন পত্র মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।	গাড়ি ক্রয়ের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রত্যয়ন পত্রের আলোকে একটি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	প্রটোকল শাখা
৩.২ আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের মধ্যে সুশাসন প্রতিষ্ঠা ও স্মার্ট বাংলাদেশ বিনির্মানে নলেজ শেয়ারিং;	২য় ও ৩য় ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে।	আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের মধ্যে সুশাসন প্রতিষ্ঠা ও স্মার্ট বাংলাদেশ বিনির্মানে নলেজ শেয়ারিং বিষয়ক কর্মশালা আয়োজন করতে হবে।	এপিএ শাখা
৩.৩ সাধারণ শাখা হতে প্রদত্ত স্টেশনারি মালামাল যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং মিতব্যয়ী হওয়া;	সংশ্লিষ্ট দপ্তর হতে প্রত্যয়ন পত্র প্রদান করা হয়।	সাধারণ শাখা হতে প্রদত্ত স্টেশনারি মালামাল যথাযথ ব্যবহার নিশ্চিত করাসহ মিতব্যয়ী হতে হবে।	সাধারণ শাখা-২
৩.৪ উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়ন;	প্রকল্প সংশ্লিষ্ট পরিদর্শনকারী কর্মকর্তা হতে প্রতিবেদন সংগ্রহ করা হয়।	প্রমাণক সংরক্ষণ করতে হবে।	এপিএ শাখা/ পরিকল্পনা বিভাগ/ কার্যক্রম বিভাগ

৩.০০ পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৫/১০/২০২৩
(সত্যজিত কর্মকার)
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
পরিকল্পনা বিভাগ।

চলমান পাতা